দৈনিক ইত্তেফাক

তারিখ 20 OCT 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮ ...

46

৬

## ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ক্লাস চালুর দাবী জানাইয়াছে

গতরাতে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভায় শিক্ষা

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

### ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

প্রতিষ্ঠান বন্ধ সংক্রান্ত অধ্যাদেশের নিন্দা করিয়া অবিলম্বে বিশ্ববিদ্যালয়ে ক্লাস চালু করার দাবী জানাইয়াছে। এ ব্যাপারে আগামীকাল (রবিবার) বেলা ১০ টায় অপরাজেয় বাংলার পাদদেশ হইতে প্রেসক্লাব পর্যন্ত প্রতিবাদ মিছিলের কর্মসূচী নেওয়া হইয়াছে। সভায় সরকারের পদত্যাগ, সংসদ বাতিল, নিরপেক্ষ সরকারের অধীনে নির্বাচন দাবী করা হয়। সভায় বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের সহিত বৃহত্তর আন্দোলনের কর্মসূচী গ্রহণ, ২২ অক্টোবর শহীদ মিনারে অনুষ্ঠিতব্য সর্বদলীয় ছাত্র ঐক্য ও অভিভাবকদের সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের যোগদান, স্বৈরাচারবিরোধী আন্দোলনের সঙ্গে একাত্মতা ঘোষণা, সরকারের কোন সংস্থা, কর্মসূচী, প্রকল্প ও বেতার-টেলিভিশনে অংশগ্রহণ হইতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বিরত থাকা এবং চ্যান্সেলরের মাসিক সভায় যোগদান না করার জন্য ভাইস চ্যান্সেলরের প্রতি অনুরোধ জানানোর সিদ্ধান্ত নেওয়া হইয়াছে।—বিজ্ঞপ্তি